দৈনিক বাংলা

তারিখ ২১|৩|৮১
পৃষ্ঠা ... কলাম ...

• 00 107

### বিজ্ঞান শিক্ষা কর্মশিবির উদ্বোধন

# দক্ষ জনশক্তির ওপর জাতীয় অগ্রগতি নির্ভর করে

বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ আর এ গনি দেশের গোটা জনসংখ্যাকে একটি দক্ষ জনসম্পদে পরিণত করার উদ্দেশ্যে ক্লাস কক্ষের বাইরে ব্যবহারিক শিক্ষা দানের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

এনা জানাচেছ, তিনি স্কুলের বাইরে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা সংক্রান্ত ছয়দিনব্যাপী জাতীয় কর্মশিবির উদ্বোধন কালে তিনি বলেন, জাতির অগ্রগতি দক্ষ জনশক্তির উপর নির্ভর করে।

বাংলাদেশ শিল্প ও বিজ্ঞান গবেষণা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বন ও কৃষি প্রতিমন্ত্রী ডঃ ইকবাল মাহমুদ বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যুগ্ম সচিব ডঃ ফারুক আজিজ খান এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের পরিচালক ডঃ এম এ আখন্দও বক্তৃতা করেন।

সরকার বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির ব্যাপারে আগ্রহী একথা উল্লেখ করে ডঃ গনি বলেন, সরকার এ সম্পর্কে গঠনমূলক সুপারিশ গ্রহণ করবেন।

তিনি বলেন, শিক্ষিত বেকারের চাইতে বৃত্তিকরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তি অনেক ভাল। দেশের প্রয়োজনমত প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক শিক্ষা চালু থাকবে। বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য প্রতি বছর বিজ্ঞান সপ্তাহ উদযাপন করা হয়। স্কুলের বাইরে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার ক্ষেত্রে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর উল্লেখ যোগ্য ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ডঃ ইকবাল মাহমুদ বলেন, দেশের গোটা জনসংখ্যাকে সাক্ষর করার চেষ্টা চলছে। কাজেই শিক্ষাকে স্কুল ঘরের মধ্যে সীমাবদ্ধ রাখা উচিত নয়। কৃষকরা ব্যবহারিক শিক্ষা গ্রহণে আগ্রহী বলে তিনি জানান।

তিনি অবশ্য বর্তমান প্রাতিষ্ঠানিক শিক্ষার ক্ষতি না করে অপ্রাতিষ্ঠানিক শিক্ষা চালুর সুপারিশ জানান।